গাংনীতে বিকট শব্দে বোমা বিস্ফোরণ, এলাকায় আতংক

লাল কসটেপ মোড়ানো বস্তুর গায়ে লাথি মারতেই বিকট শব্দে বিস্ফোরণ ঘটেছে। এতে কেউ হতাহত না হলেও এলাকায় নতুন করে তৈরী হয়েছে আতংক।

গাংনী উপজেলার কড়ুইগাছি বাজারের আদম ব্যবসায়ী রোকন আলীর মার্কেটের সামনে এই বিস্ফোরণের ঘটনা ঘটে।
আজ বুধবার (২৫ ডিসেম্বর) সকাল সাড়ে ১১ টার সময় এই বিস্ফোরণের ঘটনা ঘটে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, খবর শোনার পর পুলিশের একটি টিম ঘটনাস্থলের উদ্দেশ্য গেছেন।

মার্কেটের মালিক আদম ব্যবসায়ী রোকন জানান, আমি চারদিন আগে ঢাকায় এসেছি। আজকেই বাড়ি ফেরার জন্য পথের মধ্যে আছি। কড়ুইগাছি বাজারে আমার মার্কেট সংলগ্ন দ্বোতালা বাড়ি। মার্কেটে একটি রুম আমি আদম ব্যবসার অফিস হিসেবে ব্যবহার করি। অপর দুটিতে দোকান হিসেবে ভাড়ায় দেওয়া হয়েছে। আজ সকাল ১১ টার দিকে লাল কসটেপ মোড়ানো একটি বোমা পড়ে থাকতে দেখে ভাড়াটিয়া দোকানদার ধীরেন দাশ না বুঝেই সেটিকে লাথি মারে। লাথি মারার সাথে সাথে বিকট শব্দে বোমার বিস্ফোরণ। তবে কেউ হতাহত হয়নি।

উল্লেখ্য, গত ৪ নভেম্বর সকালে কড়ুইগাছি গ্রামের শ্রমিকলীগের রাইপুর ইউনিয়নের সাধারণ সম্পাদক সুমন ইসলামের বাড়ি থেকে দুটি হাতবোমা ও লাশ দাফনের সরঞ্জামসহ প্রাণনাশের হুমকি সংবলিত চিরকুট উদ্ধার করা হয়।

পরপর বোমা উদ্ধার ও বোমার বিস্ফোরণের ঘটনায় এলাকায় নতুন করে আতংক বিরাজ করছে।